

💵 আল-লুলু ওয়াল মারজান

হাদিস নাম্বারঃ ৭০২

১৩/ সওম (كتاب الصيام)

পরিচ্ছেদঃ ১৩/২৫. আল্লাহ তা'আলার ঐ বাণী রহিত করণের বর্ণনা- (সওম পালনে) যাদের কষ্ট হয়। তারা ফিদিয়া দিবে (সূরা আল-বাকারাহ ২/১৮৪) এ বাণীর দ্বারা যারা রমযান মাস পাবে তাদেরকে এ মাসের সওম পালন করতে হবে- (সূরা আল-বাকারাহ ২/১৮৫)।

بيان نسخ قوله تعالى (وعلى الذين يطيقونه فدية) بقوله (فمن شهد منكم الشهر فليصمه)

আরবী

حديث سلَمَةَ، قَالَ: لَمَّا نَزَلَتْ (وَعَلَى الَّذِينَ يُطِيقُونَهُ فِدْيَةٌ طَعَامُ مِسْكِينٍ) كَانَ مَنْ أَرَادَ أَنْ يُفْطِرَ وَيَفْتَدِيَ، حَتَّى نَزَلَتِ الآيَةُ الَّتِي بَعْدَهَا فَنَسَخَتْهَا

বাংলা

৭০২. সালামাহ ইবনু আকওয়া (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, (وَعَلَى الَّذِينَ يُطِيقُونَهُ فِدْيَةٌ طَعَامُ مِسْكِين) এ আয়াত অবতীর্ণ হল- এবং যারা সওম পালনের সামর্থ্য রাখে তারা একজন মিসকীনকে ফিদয়াহ স্বরূপ আহার্য দান করবে তখন যে ইচ্ছে সওম ভঙ্গ করত এবং তার পরিবর্তে ফিদয়া প্রদান করত। এরপর পরবর্তী আয়াত অবতীর্ণ হয় এবং পূর্বোক্ত আয়াতের হুকুম রহিত করে দেয়।

ফুটনোট

সহীহুল বুখারী, পর্ব ৬৫; তাফসীর, অধ্যায় ২৬, হাঃ ৪৫০৭; মুসলিম, পর্ব ১৩ : সওম, অধ্যায় ২৫, হাঃ ১১৪৫

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ সালামাহ ইবনু আক্ওয়া' (রাঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন